



এইচএসসি □ ভুল প্রশ্নপত্রে ১ ঘণ্টা পরীক্ষা নেয়া হয়

স্ট্রাক রিপোর্টার : ঢাকা সোহরাওয়ার্দী কলেজ কেন্দ্রে গতকাল (শনিবার) চলতি এইচএসসি রসায়ন ২য় পত্রের পরীক্ষায় ভুল প্রশ্নপত্রে ১ ঘণ্টা পরীক্ষা নেয়া হয় বলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা অভিযোগ করেছে। ১ ঘণ্টা পর তাদের প্রশ্নপত্র বদলিয়ে দেয়া হলেও পরে সময় আর বাড়ানো হয়নি। ফলে ৩ ঘণ্টার পরীক্ষা তাদের ২ ঘণ্টায় দিতে হয়। জানা গেছে, রসায়নের নিয়মিত পরীক্ষার্থীদের মাঝে গতকাল ঐ কেন্দ্রে ১৯৯৯ সালের ফেল করা অনিয়মিত ৭-এর পৃঃ ১-এর কঃ দেখুন

এইচএসসি

৮-এর পৃষ্ঠার পর পরীক্ষার্থীদের প্রশ্নপত্র বিতরণ করা হয়। ১ ঘণ্টা পর এই ভুল ধরা পড়লে শিক্ষকরা ঐ প্রশ্নপত্র পরিবর্তন করে নিয়মিত পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দিলেও সময় আর না বাড়ানোর ফলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা শিক্ষকদের এই ভুলে পুরো নাথারের উত্তর দিতে সক্ষম হয়নি।